# আন-নাস | An-Nas | ٱلنَّاس

আয়াতঃ ১১৪ : ১

## আরবি মূল আয়াত:

قُلۡ اَعُوۡذُ بِرَبِّ النَّاسِ ۙ﴿۱﴾

## অনুবাদসমূহ:

বল, ‘আমি আশ্রয় চাই মানুষের রব, — আল-বায়ান

বল, ‘আমি আশ্রয় চাচ্ছি মানুষের প্রতিপালকের, — তাইসিরুল

বলঃ আমি আশ্রয় চাচ্ছি মানুষের রবের, — মুজিবুর রহমান

Say, "I seek refuge in the Lord of mankind, — Sahih International

### ১. বলুন, আমি আশ্রয় প্রার্থনা করছি মানুষের রবের,

-

তাফসীরে জাকারিয়া

### ১। বল, আমি আশ্রয় প্রার্থনা করছি মানুষের প্রতিপালকের নিকট। [1]

[1] رَبّ(প্রতিপালক) এর অর্থ হল যে, যিনি শুরু থেকেই -- মানুষ যখন মাতৃগর্ভে থাকে তখন থেকেই -- তার তত্ত্বাবধান ও লালন-পালন করতে থাকেন; পরিশেষে সে সাবালক ও জ্ঞানসম্পন্ন হয়ে যায়। তাঁর এই কাজ শুধু কিছু সংখ্যক লোকের জন্য সীমাবদ্ধ নয়; বরং তা সকল মানুষের জন্য ব্যাপক। আবার কেবলমাত্র সকল মানুষের জন্যই সীমাবদ্ধ নয়; বরং তিনি সমস্ত সৃষ্টির প্রতিপালন করে থাকেন। এখানে কেবল ‘মানুষ’ শব্দ উল্লেখ করা হয়েছে মানুষের সেই মান ও মর্যাদাকে ব্যক্ত করার জন্য যা সকল সৃষ্টির উপরে রয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6231

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন